গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ৯৫৫

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত অনাবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে আগ্রহী যুবদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী/শর্তাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাতকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | **মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন**<br>মেয়াদ-৬ মাস (০৩ জানুয়ারি হতে ৩০ জানুয়ারি, ২০২১)<br>২৪টি জেলায় ৩১ টি কেন্দ্র: (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০ জন)<br>ঢাকা-৪টি, চট্রগ্রাম-২টি, খুলনা-২টি রাজশাহী-২টি, বরিশাল-২টি, মুন্সীগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, ফরিদপুর, পাবনা, বগুড়া, রংপুর, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ, যশোর, সাতক্ষীরা, পিরোজপুর, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, ফেনী, রাঙ্গামাটি ও হবিগঞ্জ। | ৫০০/- (পাঁচশত) টাকা | এইচ,এস,সি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৯ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০২. | **ডাটাবেজ ম্যানেজমেন্ট এন্ড নেটওয়ার্কিং**<br>মেয়াদ ০৬মাস, (০৩ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২১)<br>**১১টি কেন্দ্র:** (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন)<br>ঢাকা (৩টি কেন্দ্র), রংপুর, সিলেট, , খুলনা, ময়মনসিংহ, রাজশাহী, গাজীপুর, বরিশাল ও চট্টগ্রাম জেলা কার্যালয়। | ৫০০/- (পাঁচশত) টাকা | এইচ,এস,সি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৯ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৩. | **পোশাক তৈরি**<br>মেয়াদ-০৩ মাস (১৮ জানুয়ারি হতে ১৫ এপ্রিল, ২০২১)<br>৬৪টি জেলা ৭০টি কেন্দ্র: (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫)<br>ঢাকা-৬টি (গেন্ডারিয়া, গোপীবাগ, খিলগাঁও, সোবহানবাগ, মোহাম্মদপুর ও মিরপুর), গাজীপুর-২টি এবং ৬২টি জেলা ৬২টি কেন্দ্র | ৫০/- (পঞ্চাশ) টাকা | ন্যূনতম অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৯ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৪. | **ক্যাটারিং**<br>মেয়াদ ০৬মাস (০৩ জানুয়ারি হতে ৩০ জুন, ২০২১)<br>**০২টি কেন্দ্রঃ** (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন)<br>খুলনা জেলা কার্যালয় ও সাভার যুব প্রশিক্ষণ কেন্দ্র | ৩০০০/- (তিন হাজার) টাকা | এইচ,এস,সি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৮ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৫. | **ফ্যাশন ডিজাইন**<br>মেয়াদ-০৩ মাস (০৩ জানুয়ারি হতে ৩১ মার্চ, ২০২১)<br>১৩টি কেন্দ্রঃ (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন)<br>ঢাকা(৫টি কেন্দ্র) (মিরপুর, মোহাম্মদপুর, গোপীবাগ, খিলগাঁও, গেন্ডারিয়া), গাজীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, কুমিল্লা, খুলনা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রংপুর জেলা কার্যালয়। | ৫০/- (পঞ্চাশ) টাকা | ন্যূনতম অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৮ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৬. | **ওভেন সুইং মেশিন অপারেটিং**<br>মেয়াদ ০২ মাস (০৩ জানুয়ারি হতে ০২ মার্চ, ২০২১)<br>**০৬টি কেন্দ্র** (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০ জন)<br>হবিগঞ্জ, গাজীপুর (টঙ্গী) ও ঢাকা জেলা কার্যালয়-৪টি কেন্দ্র। | ৫০/- (পঞ্চাশ) টাকা | ন্যূনতম অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ | ২৮ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাতকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | **ইয়ুথ কিচেন (রান্না বিষয়ক) প্রশিক্ষণ**<br>মেয়াদ-০১মাস (০৩ জানুয়ারি হতে ৩০ জানুয়ারি, ২০২১)<br>১৫টি কেন্দ্র: (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ জন)<br>ঢাকা-৩টি কেন্দ্র, গোপালগঞ্জ-২টি কেন্দ্র, গাজীপুর, কুষ্টিয়া, কুমিল্লা, কিশোরগঞ্জ, বগুড়া, পাবনা, দিনাজপুর, শরীয়তপুর, পিরোজপুর, নোয়াখালী জেলা কার্যালয়। | ১০০/- (একশত) টাকা | ন্যূনতম অষ্টম শ্রেণি পাস | ২৮ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |
| ০৮. | **ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং ও সোলার সিস্টেম প্রশিক্ষণ/ আইপিএস, ইউপিএস ও স্টেবিলাইজার প্রস্তুত এবং প্রতিস্থাপন প্রশিক্ষণ**<br>মেয়াদ-০১মাস (০৩ জানুয়ারি হতে ৩১ জানুয়ারি, ২০২১)<br>**১৫টি কেন্দ্র** (প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০ জন)<br>ঢাকা, রংপুর, টাঙ্গাইল, সিলেট, গোপালগঞ্জ, খুলনা, সিরাজগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, রাজশাহী, বগুড়া, গাজীপুর, মুন্সিগঞ্জ, বরিশাল ও চট্টগ্রাম জেলা কার্যালয়। | ১০০/- (একশত) টাকা | ন্যূনতম অষ্টম শ্রেণি পাস | ২৮ ডিসেম্বর, ২০২০ স্ব-স্ব জেলা কার্যালয় |

**দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:**

ক) বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৭ ডিসেম্বর, ২০২০খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ঘ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ঙ) নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক/কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

চ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।

ছ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগতে যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

জ) **দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং বিশেষ চাহিদাসম্পন্ন/ অটিস্টিক ও হিজড়া জনগোষ্ঠির জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।**

ঝ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ঞ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ট) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no/ ই-মেইল আইডি দিতে হবে।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

(ঘ) প্রশিক্ষণকালীন সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

১০/১২/2020

(আবুল ফয়েজ মো: আলাউদ্দিন খান)
(যুগ্মসচিব)
পরিচালক(প্রশিক্ষণ)
ফোন: ০২-৯৫৬০৭০৩

নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ১৫৫

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক--------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। যুগ্ম সচিব (যুব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ৬৪টি জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ চেয়ারম্যান, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা সমাজসেবা, উপজেলা মৎস্য, কৃষি, প্রাণিসম্পদ কার্যালয়, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তালিকাভূক্ত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে/প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no/ই-মেইল ঠিকানা ভর্তির সময় সংরক্ষণ করতে হবে।

০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর-----------------------------(১০টি কেন্দ্র)।

০৭। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর-----------------------------(৫৪টি কেন্দ্র)।

০৮। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১০। অফিস কপি।

(কে, এম, জাহিদ হোসেন)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।